NEW YORK STATE | Workers' Compensation Board

# শ্রমিকদের ক্ষতিপূরণের তথ্য প্রকাশ করতে দাবিদারের অনুমোদন

(শ্রমিক ক্ষতিপূরণ আইনের (Workers' Compensation Law) ধারা 110-a অনুযায়ী)

PO Box 5205, Binghamton, NY 13902-5205 • www.wcb.ny.gov

**দাবিদার কর্তৃক কর্মীদের ক্ষতিপূরণের তথ্য সম্ভাব্য নিয়োগকারীদের নিকট অথবা নিয়োগের যোগ্যতা বা সক্ষমতা মূল্যায়নের সাথে সম্পর্কিত কারণে প্রকাশ করা নিষিদ্ধ।**

**অনুগ্রহ করে সকল আইটেম পূরণ করুন। একটি অসম্পূর্ণ ফর্ম আপনার অনুরোধ প্রক্রিয়া করায় বিলম্ব করবে।**

| দাবিদার এর নাম | দাবিদারের সামাজিক নিরাপত্তা বা ট্যাক্স সনাক্তকারী নম্বর | কেস নম্বর এবং/অথবা দুর্ঘটনার তারিখ ☐ WCB ☐ DB ☐ বৈষম্য ☐ PFL |
|---|---|---|
| | | |

যদি নিম্নের WCB/DB/DC/PFL মামলা নম্বর দ্বারা এবং/অথবা দুর্ঘটনার তারিখ দ্বারা চিহ্নিত অতিরিক্ত মামলার ফাইল প্রকাশ করা অনুমোদিত হয়

## নির্দেশাবলী:

**Workers' Compensation Board এর কাছে আসল জমা দিন এবং আপনার রেকর্ডের জন্য একটি কপি রাখুন। *নির্দিষ্ট উদ্দেশ্যে রেকর্ড প্রকাশকরার জন্য অনুমোদন আইনের আওতায় বৈধ নয়। এই ফর্মটির পেছনে WCL ধারা 110-a এর সারাংশ দেখুন।* দাবিদার কর্তৃক প্রত্যাহার না করা পর্যন্ত এই অনুমোদন কার্যকর।Workers' Compensation Board এ লিখিত নোটিশ দিয়ে দাবিদার যে কোনও সময়ে এই অনুমোদন প্রত্যাহার করে নিতে পারবেন।**

এই অনুমোদন আপনাকে একটি পৃথক ই-কেস একাউন্ট খোলার অথবা বোর্ডের অবস্থানের বাইরে একটি ই-কেস একাউন্ট ব্যবহার করে মামলাসমূহ দেখার অনুমতি দেয় না।

শ্রমিকদের ক্ষতিপূরণ আইনের ধারা 110-a অনুসারে আমি, ______________________________,
(দাবিদারের নাম)

প্রতিনিধিত্ব করি যে আমি একজন ব্যক্তি যে উপরে উল্লিখিত শ্রমিকের ক্ষতিপূরণ মামলা(গুলো)র বিষয় ছিলাম এবং আমি উপরে উল্লিখিত Workers' Compensation Board এর রেকর্ডগুলি নিয়ে আলোচনা করতে এবং/অথবা উপরে উল্লিখিত রেকর্ডগুলির একটি কপি ______________,
(একটি নির্দিষ্ট ব্যক্তি, কর্পোরেশন, অ্যাসোসিয়েশন বা ব্যক্তিগত সত্তার নাম)

এর কাছে, ______________________________ এ প্রকাশের জন্য Workers' Compensation Board-কে অনুমোদন দিচ্ছি।
(ঠিকানা)

আমি বুঝেছি যে Workers' Compensation Board দ্বারা এই রেকর্ডসমূহের কপি সরবরাহ করার আগে অনুরোধকারী পক্ষকে একটি বিধিবদ্ধ মূল্য প্রদান করতে হবে।

______________________________ ______________
দাবিদারের স্বাক্ষর (শুধুমাত্র কালি - সম্ভব হলে নীল কালি ব্যবহার করুন) তারিখ

এই ফর্মটিতে অনুরোধ করা তথ্য সরবরাহ করতে ব্যর্থ হলে, আপনার অনুমোদান প্রত্যাখ্যাত হবে না, তবে আপনার অনুরোধ প্রক্রিয়াকরণের বিলম্ব হতে পারে। আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর স্বেচ্ছায় প্রকাশ করা হলে বোর্ড তথ্যসমূহ আপনার অনুরোধের সাথে সংশ্লিষ্ট হওয়া এবং দ্রুত পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করবে।

শ্রমিকদের ক্ষতিপূরণ আইনের ধারা 110-a অনুসারে:

3. ব্যক্তিগত অনুমোদন। এই ধারার এক নম্বর উপবিভাগের অধীনে তথ্য প্রকাশের উপরে বিধিনিষেধ থাকা সত্ত্বেও, শ্রমিকের ক্ষতিপূরণ রেকর্ডের আওতায় থাকা একজন ব্যক্তি চেয়ার দ্বারা নির্ধারিত একটি ফর্মে বোর্ডের নিকট এই রকম প্রকাশনার জন্যে লিখিত অনুমোদন জমা দিয়ে অথবা একটি নোটারাইজ করা মূল অনুমোদনের দ্বারা বিশেষভাবে বোর্ডকে ওইরকম ব্যক্তির নিকট কর্মীর ক্ষতিপূরণের তথ্য প্রকাশের নির্দেশনা দিয়ে, তার রেকর্ডগুলি নির্দিষ্ট এমন কোন ব্যক্তির নিকট প্রকাশ, পুনরায় প্রকাশ অথবা প্রকাশনার অনুমোদন দিতে পারবে, যিনি অন্যথায় এইরকম রেকর্ড গ্রহণ করার জন্য অনুমোদিত নন। যাইহোক, এই অনুচ্ছেদের একশত পঁচিশ ধারা অনুযায়ী, কোন সম্ভাব্য নিয়োগকর্তার কাছে রেকর্ড প্রকাশের নির্দেশনা দেয়ার কোনও অনুমোদন বৈধ হবে না; কিংবা চাকরির জন্য যোগ্যতা বা সক্ষমতা মূল্যায়নের জন্য রেকর্ডসমূহ প্রকাশ করা অনুমোদিত হবে না, এবং তথ্যের কোনরূপ উন্মোচন অনুসরণ করা হবে না। কোনপ্রকার সুবিধালাভের জন্য যোগ্যতা নির্ধারণের উদ্দেশ্যে বিবেচনা করার জন্য, অথবা কর্মসংস্থান–সংক্রান্ত কর্মকান্ডের ভিত্তি হিসেবে, এই উপবিভাগের অধীনে অনুমোদন প্রদানে কারো ব্যর্থতা বেআইনি হবে।

4. বোর্ডের রেকর্ডের কপি বা বোর্ডের রেকর্ড থেকে আলাদা করে শনাক্ত করা যায় এমন তথ্য পেয়েছেন এমন কোন ব্যক্তির পক্ষে এই ধরনের তথ্য এমন কারো কাছে প্রকাশ করা বেআইনী হবে, যিনি অন্যথায় আইনসম্মতভাবে এই রেকর্ডগুলি পাওয়ার অধিকারী নন।

5. যে ব্যক্তি জেনেশুনে বা ইচ্ছাকৃতভাবে মিথ্যে ভান করে, আলাদা করে শনাক্ত করা যায় এমন তথ্য সমেত শ্রমিকদের ক্ষতিপূরণের রেকর্ডগুলি সংগ্রহ করেন বা অন্যথায় এই ধারা লঙ্ঘন করেন, তিনি শ্রেণী A অপকর্মে দোষী হবেন এবং অপরাধ প্রমাণিত হলে সর্বোচ্চ এক হাজার ডলার জরিমানার শাস্তি হতে পারে।

6. এই ধারার অধীনে কোন ফৌজদারি কার্যধারার অতিরিক্ত বা তার পরিবর্তে, যখনই এই ধারাটি লঙ্ঘন করা হবে, নিউইয়র্ক রাজ্যের জনগণের নামে আইনি অধিকারক্ষেত্র থাকা কোনো আদালত বা বিচারবিভাগের কাছে অ্যাটর্নী জেনারেল কর্তৃক একটি আবেদন করা হতে পারে, একটি বিশেষ কার্যধারার মাধ্যমে কোন নিষেধাজ্ঞা কার্যকর করার জন্যে, এবং নিষেধাজ্ঞা আরোপ করা বা এই ধরণের লঙ্ঘন অব্যাহত রাখাকে সীমাবদ্ধ করার জন্য প্রতিবাদীকে অনধিক পাঁচ দিনের নোটিশ দেয়ার পরে, এবং যদি আদালত বা বিচারবিভাগ এই বিষয়ে সন্তুষ্ট হয় যে প্রতিবাদী আসলেই এই ধারাটি লঙ্ঘন করেছেন, সেই ক্ষেত্রে কোনো পরবর্তী লঙ্ঘনের ওপরে নিষেধাজ্ঞা আরোপ করা ও একে সীমাবদ্ধ করার জন্য এই আদালত বা বিচারবিভাগ দ্বারা একটি নিষেধাজ্ঞা জারি করা হতে পারে, এবং এইরূপ কোন প্রমাণের আবশ্যকতা নেই যে কোনো ব্যক্তি এর ফলে আসলেই আহত বা ক্ষতিগ্রস্ত হয়েছেন। এই ধরনের কোনো কার্যধারায়, আদালত দেওয়ানি ওকালতি আইন ও নিয়মাবলীর আট হাজার তিন শত তিন ধারার উপবিভাগ (ক) এর ছয় অনুচ্ছেদে উল্লিখিত ছাড়গুলি এবং প্রত্যক্ষ ক্ষতিপূরণের রাশি অ্যাটর্নি জেনারেলকে প্রদান করতে পারে। যখনই আদালত নির্ধারণ করবে যে এই ধারা লঙ্ঘন করা হয়েছে, প্রথমবার লঙ্ঘনের ক্ষেত্রে আদালত অনধিক পাঁচশত ডলার জরিমানা এবং তিন বছর সময়কালের মধ্যে দ্বিতীয় বা পরবর্তী লঙ্ঘনের জন্য অনধিক এক হাজার ডলার জরিমানা আরোপ করতে পারে। এই জাতীয় প্রস্তাবিত কোনো আবেদনের প্রসঙ্গে, অ্যাটর্নি জেনারেল প্রমাণ সংগ্রহ করার জন্য এবং প্রাসঙ্গিক ঘটনাবলীর আলোকে সিদ্ধান্তে উপনীত হতে এবং দেওয়ানি ওকালতি আইন ও নিয়মাবলী অনুযায়ী সাপীনা জারি করার জন্যে অনুমোদিত।